# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২৮৭) সুন্নাত নামাযের সময় অতিবাহিত হয়ে গেলে তা কি কাযা আদায় করা যায়?

হ্যাঁ। নিদ্রা বা ভুলে যাওয়ার কারণে যদি সুন্নাত নামাযের সময় অতিবাহিত হয়ে যায়, তবে তার কাযা আদায় করা যায়। কেননা তা রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আ'ম বা ব্যাপক হাদীছের অন্তর্ভুক্ত। তিনি বলেন,

مَنْ نَسِيَ صَلَاةً أَوْ نَامَ عَنْهَا فَكَفَّارَتُهَا أَنْ يُصَلِّيَهَا إِذَا ذَكَرَهَا

“যে ব্যক্তি নামায পড়তে ভুলে যায় বা ঘুমিয়ে পড়ে, তার কাফ্‌ফারা হচ্ছে স্মরণ হলেই তা আদায় করে নিবে।” উম্মু সালামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ‘নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যোহরের ফরযের পর ব্যস্ত হয়ে যাওয়ার কারণে দু’রাকাত সুন্নাত আদায় করতে না পারলে, আছরের পর তার কাযা আদায় করতেন।’ কিন্তু ইচ্ছাকৃতভাবে না পড়ে সময় অতিবাহিত করে দিলে, তার কাযা আদায় করবে না। কেননা সুন্নাত নামায সময় সাপেক্ষ ইবাদত। আর সময়ের সাথে সংশ্লিষ্ট ইবাদতসমূহ ইচ্ছাকৃতভাবে তার নির্দিষ্ট সময় অতিবাহিত করলে তা কবূল করা হবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=817

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন